

আগামী বছর থেকে সেমিস্টার ব্যবস্থা চালু হবে শিক্ষা প্রতিমন্ত্রী

সিলেট অফিস ॥ শিক্ষা প্রতিমন্ত্রী
এহসানুল হক মিলন বলেছেন,
বিগত এন,এস,সি ও এইচ,এস,সি,
পরীক্ষায় সফলের সৌভাগ্য সহ-
যোগিতায় নকল প্রতিরোধে আমরা
সফল হয়েছি আর সিলেট শিক্ষা
বোর্ডের এ সফলতা ছিল সবচেয়ে
বেশী। তিনি নকলের বিরুদ্ধে ঘোষিত

জেহাদে সকলকে অংশগ্রহণ করার
আহ্বান জানিয়ে বলেন, এর বাস্তব-
বায়নের জন্য সবচেয়ে বেশী সহ-
যোগিতা প্রয়োজন শিক্ষকমণ্ডলীর।
তিনি বলেন ভাল শিক্ষক ছাড়া
শিক্ষার মানোন্নয়ন সম্ভব নয়।
২২ মে সিলেট শিক্ষা বোর্ডের
(১৪শ পৃঃ স্রঃ)

আগামী বছর (৭ম পৃঃ পর)

উদ্যোগে ও মৌলভীবাজারের জেলা
প্রশাসনের সহযোগিতায় স্থানীয়
সাইফুর রহমান অভিটরিয়ারে পাথ-
লিক পরীক্ষার নকল প্রতিরোধ
উপায় গ্রহণ ও মত বিনিময় সভায়
শিক্ষা প্রতিমন্ত্রী বক্তব্য রাখছিলেন ॥
সভায় সভাপতিত্ব করেন জেলা
প্রশাসক এম মোর্শেদুল করিম রহমান।
মন্ত্রী বলেন বর্তমান প্রেক্ষাপটে পদ্ধতি
এখনও আন্তর্জাতিক পর্যায় নেয়া
সম্ভব হয়নি। তিনি বলেন ২০০৪
সালে সেমিনার ব্যবস্থা চালু হবে।
অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন
এম, নাঈম রহমান এমপি, এম,
এ শাহীন এমপি, সিলেট শিক্ষা
বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মুহা-
ম্মদ আবদুর রহমান প্রমুখ।